

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.০৮৬.১৯.৯০

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ ১৪২৬

১৩ জুন ২০১৯

বিষয়: রিট পিটিশন নং-২২৫/২০১৯ মামলায় সরকার পক্ষে প্রয়োজনীয় আইনী ব্যবস্থা গ্রহণক্রমে
টিএমইডিতে তথ্য প্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের বুল নিশি জারির আদেশ, তারিখ: ১৪.০১.২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, মোছা: সুলতানা খাতুন, স্বামী: শিহাব উদ্দীন খান এবং সহকারী শিক্ষক (বিজ্ঞান), বাঁশেরবাদা ভোকেশনাল ট্রেনিং ইনস্টিটিউট, থানা: ঈশ্বরদী, জেলা: পাবনা কর্তৃক মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-২২৫/২০১৯ মামলাটি দায়ের করা হয়েছে।

০২. মামলাটির বুল নিশি জারির আদেশ, আর্জি এবং তৎসংলগ্নীসমূহ পর্যালোচনা করে দেখা যায় যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৫৭.০৩.০০০০.০২৮.১৮.০১১.১৮-২০৮, তারিখ: ১২.০৩.২০১৮ খ্রি: মূলে কারিগরি শিক্ষা অধিদপ্তরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের এমপিওভুক্তি ও টাইমস্কেল প্রদানের লক্ষে কমিটির ৪৭তম সভার সিদ্ধান্তক্রমে সংশ্লিষ্ট বিষয়ে নিবন্ধন নং-ই মর্মে উল্লেখ করে আবেদনকারী মোছা: সুলতানা খাতুন-কে এমপিও তালিকাভুক্তির জন্য বিবেচনা করা হয়নি। এর পরিস্ফুটনে সংশ্লিষ্ট হয়ে কারিগরি শিক্ষা অধিদপ্তরের উপরিউক্ত স্মারক নং- ৫৭.০৩.০০০০.০২৮.১৮.০১১.১৮-২০৮, তারিখ: ১২.০৩.২০১৮ খ্রি:-কে চ্যালেঞ্জ করে আবেদনকারী কর্তৃক মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-২২৫/২০১৯ মামলাটি দায়ের করা হয়।

০৩. রিট পিটিশন নং-২২৫/২০১৯ মামলায় সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-কে ১নং রেসপনডেন্ট, মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর-কে ২ নং রেসপনডেন্টসহ মোট ৭ (সাত) জনকে রেসপনডেন্ট করা হয়েছে।

০৪. মামলাটিতে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে কী কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে, বুল নিশি জারির প্রেক্ষিতে কোন জবাব (Affidavit in opposition) মহামান্য হাইকোর্টে দাখিল হয়েছে কী-না এবং মামলাটির সর্বশেষ অবস্থা কী; এ সকল বিষয়ে প্রমাণসহ প্রয়োজনীয় তথ্য মামলাটি বিষয়ে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষ প্রয়োজন।

০৫. প্রত্যাবস্থায় উপরিউক্ত বিষয়টি বিবেচনাক্রমে রিট পিটিশন নং-২২৫/২০১৯ মামলায় সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে Affidavit in opposition দাখিলক্রমে (ইতোপূর্বে দাখিল না হয়ে থাকলে) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে আগামী ০৩.০৬.২০১৯ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে তথ্য প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৩/৬/২০১৯

ড. মোঃ মহাভাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.০৮৬.১৯.৯০/১(৭)

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ ১৪২৬

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১৩ জুন ২০১৯

১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।

২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।

৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

~~৪) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)~~

৫) ডপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭) অডিট কপি, মাস্টার কপি



১৩-৬-২০১৯

ড. মো: মহাবুব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)